গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চা বোর্ড
পরিকল্পনা শাখা
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ,
চট্টগ্রাম
www.teaboard.gov.bd

**স্মারক নম্বর:** ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০৩৪.২০.২০৭

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **"জামান টি এগ্রো ফ্যাক্টরী" নামীয় বটলিফ চা কারখানায় তৈরি চায়ের যথাযথ হিসাব দিতে না পারায় চা কারখানার কার্যক্রম স্থগিতকরণ আদেশ প্রত্যাহার প্রসঙ্গে।**

সূত্র: জামান টি এগ্রো ফ্যাক্টরীর ২২.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জামান টি এগ্রো ফ্যাক্টরী" নামীয় বটলিফ চা কারখানার কিছু অনিয়মের কারণে চা বোর্ডের গত ১৬.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০৩৪.২০.১৬৭(৭) নং স্মারকে কারখানাটির কার্যক্রম স্থগিত করার আদেশ প্রদান করা হয়। উক্ত আদেশে কারখানাটি বন্ধ রাখার জন্যও নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে এ বিষয়ে জামান টি এগ্রো ফ্যাক্টরী কর্তৃপক্ষ তাদের ভুল স্বীকার করে এখন থেকে বাংলাদেশ চা বোর্ডের সকল আইন কানুন মেনে চলার এবং ভবিষ্যতে এ ধরণের ভুল থেকে বিরত থাকার অঙ্গিকার প্রদান করেছেন।

০২। এমতাবস্থায়, চা আইন-২০১৬, বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে বটলিফ চা কারখানাসমূহকে প্রদত্ত নির্দেশনা এবং কারখানা পরিচালনার যথাযথ নিয়ম অনুসরণপূর্বক "জামান টি এগ্রো ফ্যাক্টরী" নামীয় বটলিফ চা কারখানাটি পুনরায় চালু করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে জানানো হলো। পরবর্তীতে কারখানাটির আর কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে চূড়ান্তভাবে কারখানার অনুমোদন ও নিবন্ধন বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬-০৬-২০২৫
সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত )
+৮৮০২৩৩৩৭৫০৬৩
btbplanning@gmail.com

জনাব মো: ওয়ারেছ জামান
প্রোপ্রাইটর, জামান টি এগ্রো ফ্যাক্টরী, কৃষ্ণনগর, মির্জাপুর উপজেলা: আটোয়ারী, জেলা: পঞ্চগড়।

**স্মারক নম্বর:** ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০৩৪.২০.২০৭/১ (৭)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে

অবহিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।
৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৬-০৬-২০২৫
সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)